1.3 মাতৃভাষা বাংলা

শ্রেণি IX – X

ভূমিকা (Introduction)

এই পাঠ্যক্রমের মাধ্যমে বাংলা ভাষা শেখার এক বিস্তৃত ও সুদৃঢ় পরিকাঠামো গঠন করার চেষ্টা করা হয়েছে। মানুষের ভাব-বিনিময়ের প্রধান মাধ্যম ভাষা। কেবলমাত্র ভাবের আদান-প্রদানই নয় ভাষার মাধ্যমেই আমরা বিষয়ের জ্ঞান আহরণ করি। এখানে ভাষা শিক্ষায় দুটি বিষয়ের উপর বিশেষভাবে লক্ষ্য রাখা হয়েছে। প্রথমত, অতি সহজ ও সরলভাবে ভাষা শেখা। দ্বিতীয়ত, পড়ানোর সময় ব্যাকরণের চেয়ে বিষয়বস্তুর উপর প্রাধান্য দেওয়া।

প্রাথমিকের গণ্ডি পেরিয়ে শিক্ষার্থী মাধ্যমিকের শেষ ধাপ অর্থাৎ নবম ও দশম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। এই স্তরে এসে একজন শিক্ষার্থী মোটমুটি ভাবে আত্মবিশ্বাসে প্রতিষ্ঠিত হয়। তারমধ্যে ব্যক্তিক, সামাজিক ও রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটেছে। প্রয়োজনে নিজের মতামত ব্যক্ত করার দক্ষতা অর্জন করেছে।

কেবলমাত্র কথা বলা বা লেখা-পড়া শেখাই নয় বিশ্ব-ব্রহ্মাণ্ডের অগণিত জ্ঞান ও সৌন্দর্যবোধের সঙ্গেও পরিচিত হতে হবে এবং তার প্রধান বাহন সাহিত্য।

সাহিত্যের বিভিন্ন অঙ্গ যেমন - গল্প, পদ্য, প্রবন্ধ, নাটক প্রভৃতির রসাস্বাদনের যোগ্যতা অর্জন করতে হবে। একই সঙ্গে কেবলমাত্র ভাষার শুদ্ধতা বা সঠিক প্রয়োগই নয় পাঠের মধ্যদিয়ে চারিত্রিক বৈশিষ্ট্য ও সৃজনাত্মক প্রতিভার বিকাশই মুখ্য উদ্দেশ্য।

সাহিত্য বিশ্ব ভ্রাতৃত্বের প্রধান ধারক ও বাহক। বাংলাভাষার সাহিত্য কেবল আত্মিক বন্ধন ও মিলনের পথ-নির্দেশই দেয় না এই স্তরে এসে শিক্ষার্থীর নিজেকে প্রতিষ্ঠিত করার চেতনা বৃদ্ধি পায়।

মাতৃভাষা বাংলা

সাবলীল ভাবপ্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম মাতৃভাষা। ব্যক্তির চিন্তাভাবনা ও বুদ্ধিবৃত্তির সর্বাঙ্গীন বিকাশের শ্রেষ্ঠ মাধ্যমও এই মাতৃভাষা। মা, মাতৃভাষা ও মাতৃভূমি এই তিনটি যেন সমার্থক শব্দ। মাতৃভাষায় রচিত সাহিত্য সম্পদই আমাদের জাতীয় জীবনকে, জাতীয় শক্তি ও ঐতিহ্যকে শক্তিশালী ও চেতনা সম্পন্ন করে তোলে। জাতীয়তা বোধের মধ্যে থাকে না কোন সংকীর্ণতা। এটি সামাজিক ও মানবিক সম্পর্কের বন্ধনকে করে তোলে সুদৃঢ়। অপরদিকে আমাদের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করতে মাতৃভাষার সঙ্গে অন্যান্য ভাষার অনুশীলনও করা আবশ্যক।

শিক্ষার উদ্দেশ্য (Educational objectives)

* বাংলা ভাষার মাধ্যমে বাংলা সংস্কৃতি ও সাহিত্যের মূল প্রকৃতির পরিচয় লাভ করা এবং সেটি সংরক্ষণ করার জন্য উদ্বুদ্ধ হওয়া।
* শুদ্ধ সহজ বাংলায় নিজের ভাব প্রকাশ করা এবং অন্যের প্রকাশিত ভাবকে সঠিকভাবে বুঝে নিয়ে তা মৌখিক ও লিখিত ভাবে নিজের ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করা।
* বাংলা ভাষার ব্যাকরণ, রচনা, বিজ্ঞপ্তি, প্রতিবেদন এবং প্রয়োগ পদ্ধতি ও মৌলিক রচনা লেখার দক্ষতা অর্জন করা।
* বাংলার শব্দ ভাণ্ডার সঞ্চয় ও প্রয়োগ বৃদ্ধি করা।
* সাহিত্যের বিভিন্ন অঙ্গের সঙ্গে পরিচিত হওয়া।
* বাংলা সাহিত্যের সম্পদ ও ঐতিহ্য সম্বন্ধে সচেতন হওয়া ও তার রসাস্বাদনের যোগ্যতা অর্জন করা।
* বাংলা ভাষা ও লিপির সঠিক প্রয়োগ সম্বন্ধে সচেতন ও সতর্ক হওয়া।
* সঞ্চার মাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক), বিশ্বকোষ, অভিধান ইত্যাদি থেকে তথ্য সংগ্রহ করে জ্ঞানবৃদ্ধি করা এবং গ্রন্থাগার ব্যবহারে অভ্যস্ত হওয়া।

শিক্ষার্থীর কাছে প্রত্যাশা (Expectation from Students)

* নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীরা বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি সম্বন্ধে আগের ক্লাসে মোটামুটি অবগত হয়েছে। এই পর্যায়ে এসে তারা নিম্নোক্ত বিষয়গুলিতে মোটামুটি পাঠের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে —
* সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তার সাবলীলতা
* ভাষার উপর দক্ষতা
* ভাষার সৌন্দর্যবোধের চেতনা।
* প্রচার মাধ্যমগুলির সঙ্গে পরিচিত হওয়া।
* বাচন শৈলী ও উপযুক্ত ভাষার প্রয়োগ করা, এই স্তরে এসে বাংলা সাহিত্য ও

সংস্কৃতির সঙ্গে সম্পর্ক আরো নিবিড় হয়ে উঠবে, আত্মবিশ্বাস ও দৃঢ় থেকে দৃঢ়তর হবে যাতে সে ভবিষ্যতে একজন সফল ও শ্রেষ্ঠ নাগরিক হতে পারে।

মাধ্যমিক স্তরে শিক্ষকের ভূমিকা

যুগ-পরিবর্তনের সঙ্গে সঙ্গে সমাজে শিক্ষার্থী ও শিক্ষকের ভূমিকায় আমূল পরিবর্তন এসেছে। বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর মাতৃ-পিতৃ তুল্যই নয় বন্ধুসম।

* তিনি ক্লাসে শিক্ষার্থীর আচরণকে মনোবিজ্ঞান সম্মত ভাবে পরিচালিত করবেন।
* ভাবগম্ভীর বিষয়বস্তুকে সরস করে পরিবেশন করার জন্য শিক্ষকের সূক্ষ্ম রসবোধ বাঞ্ছনীয়।
* শিক্ষার্থীর মধ্যে স্বাধীন চিন্তাশক্তির বিকাশে শিক্ষকের ভূমিকা অনস্বীকার্য।

শ্রেণি IX, X

পাঠ্য পুস্তক

নবম ও দশম শ্রেণির জন্য দুটি আলাদা আলাদা গদ্য ও পদ্য সংকলনের একটি করে পাঠ্যপুস্তক থাকবে। দুটি শ্রেণিতেই 24 থেকে 26টি পাঠ সংকলিত থাকবে। কাব্য সংকলনে আদিযুগের একটি, মধ্যযুগের দুইটি ও অবশিষ্ট আধুনিক যুগের কবিতা সংকলিত থাকবে। বিভিন্ন বিষয় ও আঙ্গিকের কবিতা যেন থাকে সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। গদ্য সংকলনে ভাষা ও সাহিত্যের ইতিহাস, গল্প, ভ্রমণ কাহিনী, নাট্যাংশ প্রহসন, আত্মজীবনী প্রভৃতি সাহিত্যের বিভিন্ন অঙ্গের রচনা অবশ্যই সংকলিত থাকবে।

একটি সহযোগী পাঠ্য পুস্তক থাকবে। নবম শ্রেণীর জন্য গল্প সঞ্চয়ন ও দশম শ্রেণীর জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের কথা ও কাহিনী।

পাঠ্য বিষয়

* সমাজবাদ
* স্বাধীনতা সংগ্রাম
* জাতীয় সংহতি ও সমন্বয়
* ধর্ম নিরপেক্ষতা
* বিশ্ব মৈত্রী চেতনা
* পরিবেশ সচেতনতা
* আধুনিক বৈজ্ঞানিক তথ্য নির্ভর পাঠ (ইন্টারনেট)
* অনুবাদ সাহিত্য (দেশী ও বিদেশী ভাষা থেকে)
* অভিযান (অন্তরীক্ষ, আর্ন্টার্কটিকা)

পাঠ্যপুস্তকে বিভিন্ন আদশের পরিপুষ্টকারী লেখা যাতে সংকলিত হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। উক্ত আদর্শের বিরোধী কোনো রচনা সন্নিবেশিত করা চলবে না। সংকলনের বিষয় ও লেখক নির্বাচনে বিহারের প্রতি বিশেষ দৃষ্টি রাখতে হবে। সেইসঙ্গে কবি ও লেখকদের সংক্ষিপ্ত পরিচয়ও সংযুক্ত থাকবে।

(উপরোক্ত নিয়মাবলীর আধারে নবম ও দশম শ্রেণির জন্য দুটি আলাদা আলাদা পাঠ্যপুস্তক থাকবে।)

শ্রেণি IX

পাঠ্য সূচি (Contents) ঃ—

(ক) লিখিত

বাংলা ভাষা ও সাহিত্যের মূল পাঠ্যপুস্তক
(পদ্য ও গদ্য সংকলন)
পদ্য — 12 টি পাঠ
গদ্য — 14 টি পাঠ

সহযোগী পাঠ্য পুস্তক, গল্প সঞ্চয়ন (আধুনিক যুগের পাঁচটি গল্প সংকলন)

ব্যাকরণ ও নির্মিত (Composition)

* বিশেষ্য ও বিশেষণের পারস্পরিক রূপান্তর
* ক্রিয়ার কাল ও রূপ (সাধারণ বর্তমান, সাধারণ অতীত ও সাধারণ ভবিষ্যৎ, ঘটমান বর্তমান কাল, ঘটমান অতীত কাল ও ঘটমান ভবিষ্যৎ কাল, পুরাঘটিত বর্তমান কাল, পুরাঘটিত অতীত কাল)
* উপসর্গ
* সমাস
* প্রবাদ বাক্য
* বহুপদের একপদের পরিবর্তন
* বিপরীতার্থক শব্দ
* সাধু ও চলিত ভাষা
* হিন্দী ও বাংলা বানানের পার্থক্য
* পত্রলেখন (আবেদন পত্র, সম্পাদকীয় পত্র)
* বিজ্ঞপ্তি (Notice)
* অনুচ্ছেদ লেখন

(খ) মৌখিক

* সংবাদ পাঠ

সম্মিলিত আলোচনা (Group discussion)

* বক্তৃতা
* পাঠ্য বহির্ভূত বিষয়ের জ্ঞান
* বাদ-বিবাদ

শ্রেণি X

পাঠ্যসূচি

(ক) লিখিত

বাংলা ভাষা ও সাহিত্যের মূল পাঠ্যপুস্তক

(পদ্য ও গদ্য সংকলন)

পদ্য — 12টি পাঠ

গদ্য — 14টি পাঠ

পঠিত পাঠ

কথা ও কাহিনী — রবীন্দ্রনাথ ঠাকুর

কথা থেকে —

শ্রেষ্ঠ ভিক্ষা, প্রতিনিধি, ব্রাহ্মণ, সামান্য ক্ষতি, স্পর্শমণি, প্রার্থনাতীত দান

কাহিনী থেকে — পুরাতন ভৃত্য, দুই বিঘা জমী।

ব্যাকরণ ও নির্মিতি (Composition)

* বাংলা ভাষার শব্দভাণ্ডারের শ্রেণি বিভাগ (তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি)
* সমাস
* কৃৎ ও তদ্ধিত প্রত্যয় সম্বন্ধে প্রাথমিক জ্ঞান, বিশেষ করে বাংলা কৃৎ ও তদ্ধিত প্রত্যয়।
* প্রবাদ বাক্য
* বহুপদের একপদে পরিবর্তন, সমোচ্চারিত শব্দ,
* হিন্দী থেকে বাংলায় একই শব্দ ও বাক্যাংশের প্রয়োগ পদ্ধতির পার্থক্য
* প্রতিবেদন (Reporting)
* আবেদন পত্র
* সম্পাদকীয় পত্র
* অনুচ্ছেদ লেখন

শ্রেণী IX

পরীক্ষা পদ্ধতির বিশদ বিবরণ (Examination specification)

প্রশ্নপত্রটিকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি ভাগের পাশে সংখ্যা নির্ধারিত করা হলো।

1.	পাঠ্য বহির্ভূত গদ্যাংশ	20
2.	অনুচ্ছেদ লেখন ও নির্মিতি	10
3.	ব্যাকরণ	15
4.	(ক) পাঠ্য পুস্তক	25
	(খ) সহযোগী পাঠ্য পুস্তক	10
5.	মৌখিক	20

1. পাঠ্য বহির্ভূত গদ্যাংশ সাহিত্য-ধর্মী গদ্যাংশ হবে। প্রশ্নাবলী – উপযুক্ত শীর্ষক, বস্তুনিষ্ঠ প্রশ্ন, সংক্ষিপ্ত প্রশ্ন, অতি সংক্ষিপ্ত প্রশ্ন। প্রতিটি প্রশ্নের জন্য নির্ধারিত মান 4 হবে।

2. (ক) অনুচ্ছেদ লেখন — সমসাময়িক ও বিভিন্ন বিষয়ের উপরে অনুচ্ছেদ লেখন। নির্ধারিত মান 5 হবে।

(খ) নির্মিতি — পত্র লেখন (আবেদন পত্র ও সম্পাদকীয় পত্র), বিজ্ঞপ্তি (Notice)। নির্ধারিত মান 5 হবে।

3. ব্যাকরণ — ব্যাকরণ থেকে তিনটি প্রশ্ন দেওয়া হবে। প্রতিটি প্রশ্নের মান $5+5+5=15$

ব্যাকরণের মুখ্য বিন্দু

4. পাঠ্যপুস্তক — (ক) গদ্যাংশ ও পদ্যাংশের থেকে মোট 25 নম্বরের প্রশ্ন থাকবে।

(i) পদ্যাংশ থেকে তিনটি সংক্ষিপ্ত প্রশ্ন দেওয়া হবে $2+2+2=6$

(ii) নির্ধারিত কবিতাগুলি থেকে বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। $3+3=6$

(iii) গদ্যাংশ থেকে সংক্ষিপ্ত তিনটি প্রশ্ন থাকবে। $2+2+2=6$

(iv) গদ্যাংশ থেকে বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। $3\frac{1}{2} \times 2=7$

(খ) সহযোগী পাঠ্য পুস্তক — (i) সংক্ষিপ্ত প্রশ্ন দুটি থাকবে। $2+2=4$

(ii) বস্তুনিষ্ঠ প্রশ্ন দুটি থাকবে। $3+3=6$

পরীক্ষা পদ্ধতির বিশদ বিবরণ (Examination specification)

প্রশ্ন পত্রটিকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি ভাগের পাশে সংখ্যা নির্ধারিত করা হলো।

1.	পাঠ্য বহির্ভূত গদ্যাংশ	20
2.	অনুচ্ছেদ লেখন ও নির্মিতি	15
3.	ব্যাকরণ	15
4.	পাঠ্য পুস্তক	40
5.	সহায়ক পাঠ্যপুস্তক	10

1. পাঠ্য বহির্ভূত গদ্যাংশ — সাহিত্য-ধর্মী গদ্যাংশ হবে।

প্রশ্নাবলী — উপযুক্ত শীর্ষক, বস্তুনিষ্ঠ প্রশ্ন, সংক্ষিপ্ত প্রশ্ন, অতি সংক্ষিপ্ত প্রশ্ন। প্রতিটি প্রশ্নের জন্য নির্ধারিত মান 4 হবে।

2. (ক) অনুচ্ছেদ লেখন — সমসাময়িক ও বিভিন্ন বিষয়ের উপরে অনুচ্ছেদ লেখন। নির্ধারিত মান 10 হবে।

(খ) নির্মিতি — পত্র লেখন (আবেদন পত্র ও সম্পাদকীয় পত্র) প্রতিবেদন নির্ধারিত মান 5 হবে।

3. ব্যাকরণ — ব্যাকরণ থেকে তিনটি প্রশ্ন দেওয়া হবে।

প্রতিটি প্রশ্নের মান 5 + 5 + 5 = 15

4. পাঠ্যপুস্তক — গদ্যাংশ ও পদ্যাংশ থেকে মোট 40 নম্বরের প্রশ্ন থাকবে।

(i) পদ্যাংশে সংক্ষিপ্ত ও বস্তুনিষ্ঠ প্রশ্ন থাকবে। মোট 20 নম্বরের প্রশ্ন হবে।

(ii) গদ্যাংশে সংক্ষিপ্ত ও বস্তুনিষ্ঠ প্রশ্ন মোট 20 নম্বরের থাকবে।

5. (i) সহযোগী পাঠ্য পুস্তক — রবীন্দ্রনাথ ঠাকুরের কথা ও কাহিনী থেকে দুটি বস্তুনিষ্ঠ প্রশ্ন থাকবে। তারমধ্যে যে কোনো একটির উত্তর দিতে হবে। প্রশ্নের মান 4

https://www.freshersnow.com/category/govt-boards/board-syllabus/

(ii) সংক্ষিপ্ত তিনটি প্রশ্ন থাকবে 2 + 2 + 2 = 6